**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 12-03-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 1-30 P.M** **Compiling: Sudip Basu**

**DEO: KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল অসমের গুয়াহাটি থেকে ‘PM কিষাণ সম্মান নিধি’ প্রকল্পের ২২-তম কিস্তি প্রদান করবেন। #১০ হাজার কোটি টাকার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি।

২/ দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। ইরান, ভারতীয় পতাকাবাহী ট্যাঙ্কারগুলিকে হরমুজ প্রণালী দিয়ে চলাচলের অনুমতি দিয়েছে।

৩/ রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আজ নতুন দিল্লীতে কৃষি ও খাদ্য ব্যবস্থায় মহিলাদের ভূমিকা সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেছেন।

৪/ ঐতিহাসিক ডান্ডি মার্চ-এর স্মৃতিতে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৫/ রবীন্দ্র নারায়ণ রবি পশ্চিমবঙ্গে নতুন রাজ্যপাল হিসেবে শপথ নিয়েছেন।

৬/ এফআইএইচ মহিলা হকি বিশ্বকাপ বাছাইপর্বে ভারত ৪–১ গোলে ওয়েলসকে পরাজিত করেছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আসামের গুয়াহাটি থেকে 'PM কিষাণ সম্মান নিধি' প্রকল্পের ২২তম কিস্তি প্রদান করবেন। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ সকালে নতুন দিল্লীতে সংবাদমাধ্যমকে একথা জানিয়েছেন।

তিনি বলেন, প্রধানমন্ত্রী মোদি প্রায় ৯ কোটি ৩২ লক্ষ কৃষকের অ্যাকাউন্টে সরাসরি ১৮ হাজার ৬৪০ কোটি টাকা পৌঁছে দেবেন। ইতিমধ্যেই এই প্রকল্পের আওতায় কৃষকদের কাছে ৪ লক্ষ ৯ হাজার কোটি টাকারও বেশি অর্থ পৌঁছেছে। শ্রী চৌহান আরও জানান, আগামী কিস্তি প্রদানের পর মোট প্রদত্ত অর্থের পরিমাণ ৪ লাখ ২৭ হাজার কোটি টাকা ছাড়িয়ে যাবে।

তিনি বলেন, দেশের খাদ্যশস্য উৎপাদন ২০14 সালের ২৫২ মিলিয়ন টন থেকে বেড়ে ২০২৫ সালে প্রায় ৩৫৭ মিলিয়ন টনে পৌঁছেছে। একই সময়ে উদ্যানপালনেও উল্লেখযোগ্য বৃদ্ধি হয়েছে। এই ক্ষেত্রে উৎপাদন ২৭৭ মিলিয়ন টন থেকে বেড়ে প্রায় ৩৬৯ মিলিয়ন টনে দাঁড়িয়েছে।

মন্ত্রী আরও বলেন, ফল ও সবজির উৎপাদনও ধারাবাহিকভাবে বাড়ছে। কৃষকদের সহায়তায় সরকার ইতিমধ্যেই ভারত বিস্তার নামে একটি এআই-ভিত্তিক ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করেছে বলে কৃষি মন্ত্রী জানিয়েছেন। এর প্রথম পর্যায়ে কৃষকরা ফোন কলের মাধ্যমে নিজেদের ভাষায় কৃষি-সংক্রান্ত নানা তথ্য ও পরামর্শ পেতে পারবেন।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দুই দিনের আসাম সফরে যাচ্ছেন। সফরে তিনি একাধিক উন্নয়ন প্রকল্প উদ্বোধন, উৎসর্গ এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

প্রথম দিনে প্রধানমন্ত্রী বিকেলে কোকরাঝাড় পৌঁছে রেলওয়ে কোচ মেরামত কারখানা ও ছয়টি সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি বোডো টেরিটোরিয়াল অঞ্চলে তিনটি নতুন রেল পরিষেবা চালু করবেন। এ উপলক্ষে তিনি জনসভায় ভাষণ দেবেন।

সন্ধ্যায় তিনি গুয়াহাটি যাবেন। সেখানে প্রধানমন্ত্রী চা-বাগান শ্রমিকদের হাতে প্রতীকীভাবে জমির পট্টা তুলে দেবেন। প্রধানমন্ত্রী ১৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন কপিলি জলবিদ্যুৎ প্রকল্প উৎসর্গ করবেন। প্রায় ১০ হাজার কোটি টাকার উন্নয়ন প্রকল্প উদ্বোধন ও উৎসর্গ করা হবে। বিকেল ৫টায় তিনি কিষান সম্মান নিধি প্রকল্পের ২২-তম কিস্তি

প্রদান করবেন। এরপর তিনি জনসভায় ভাষণ দেবেন এবং রাতে গুয়াহাটির রাজ্য অতিথিশালায় অবস্থান করবেন।

১৪ মার্চ প্রধানমন্ত্রী শিলচরে যাবেন। সেখানে তিনি তিনটি বড় প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং একটি গুরুত্বপূর্ণ রেল প্রকল্প উদ্বোধন করবেন। মোট প্রকল্প ব্যয় ২৪,২০৫ কোটি টাকা। এর মধ্যে রয়েছে ২২ হাজার কোটি টাকার *শিলচর–গুয়াহাটি এক্সপ্রেসওয়ে,* যা উত্তর-পূর্বে প্রথম। ১৬৬ কিলোমিটার দীর্ঘ এই করিডর শিলচর থেকে গুয়াহাটি যাত্রার সময় ৮ ঘণ্টা থেকে কমিয়ে মাত্র ৪.৫ ঘণ্টায় নিয়ে আসবে। এছাড়া তিনি শিলচরে ৫৬৩ কোটি টাকার ফ্লাইওভার এবং পাঠারকান্দিতে ১২২ কোটি টাকার কৃষি কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। পাশাপাশি ৬৫৫ কোটি টাকার বৈদ্যুতিক রেল সংযোগ প্রকল্প উদ্বোধন করবেন, যা শিলচর থেকে চুরাইবাড়ি পর্যন্ত চলবে।

শিলচরে জনসভা শেষে প্রধানমন্ত্রী কলকাতার উদ্দেশে রওনা দেবেন এবং আসাম সফর শেষ করবেন।

********************

বিরোধীদের হট্টগোলের কারণে লোকসভার কাজকর্ম আজও ব্যহত হয়েছে। আজ সকাল ১১টায় অধিবেশন শুরু হলেও প্রথমে দুপুর ১২টা পর্যন্ত মুলতবি করা হয়। অধিবেশন শুরুতে স্পিকার ওম বিড়লা প্রশ্নোত্তর পর্ব চালাতে সকলকে আহ্বান জানান। তবে বিরোধী সদস্যদের হৈ হট্টগোলে অধিবেশন স্থগিত করতে হয়। পরে ১২টার পর সভা ফের বসলে হট্টগোলের কারণে দুপুর ২টো পর্যন্ত টা মুলতুবী হয়ে যায়। উল্লেখযোগ্যভাবে, বিরোধীদের অপসারণ প্রস্তাব গতকাল ধ্বনি ভোটে প্রত্যাখ্যাত হওয়ার পর আজ স্পিকার ওম বিড়লা অধিবেশন পরিচালনা করছিলেন।

রাজ্যসভায় বিরোধী নেতা মল্লিকার্জুন খাড়গে জম্মু ও কাশ্মীরে প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লাহর ওপর হামলার প্রসঙ্গ উত্থাপন করেন। এর জবাবে সরকারের তরফে জেপি নাড্ডা আশ্বাস দেন যে ঘটনাটির পূর্ণাঙ্গ তদন্ত করা হবে। তিনি বলেন, সরকার বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে দেখছে। ঘটনাটিকে রাজনৈতিক রঙ দেওয়া উচিত নয় বলেও তিনি মন্তব্য করেন। হৈ হট্টগোলের জেরে রাজ্যসভাও ২টো পর্যন্ত মুলতুবি হয়ে গেছে।

********************

দেশে জ্বালানী পরিস্থিতি নিয়ন্ত্রণে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। পেট্রোলিয়াম মন্ত্রকের তরফে গতকাল এক সাংবাদিক বৈঠকে যুগ্ম সচিব সুজাতা শর্মা বলেন, নানারকম খবরের জেরে অনেকেই আতঙ্কিত হয়ে বাড়তি গ্যাস সিলিন্ডার বুক করছেন। তা নিয়ন্ত্রণ করতেই দুটি গ্যাস বুকিং-এর মধ্যে ন্যূনতম ব্যবধান ২১ দিন থেকে বাড়িয়ে ২৫ দিন করা হয়েছে। অযথা ভয় পেয়ে বাড়তি সিলিন্ডার বুক না করার আর্জিও তিনি জানিয়েছেন। যুগ্ম সচিব বলেন, দেশে ঘরোয়া এলপিজি উৎপাদন ২৫ শতাংশ বেড়েছে। বাণিজ্যিক গ্যাসের ক্ষেত্রেও হাসপাতাল এবং জরুরী পরিষেবার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

(বাইট- সুজাতা শর্মা )

*********************

ইরান ভারতের পতাকাবাহী ট্যাঙ্কারগুলিকে হরমুজ প্রণালী দিয়ে চলাচলের অনুমতি দিয়েছে। বিদেশ মন্ত্রী এস. জয়শঙ্কর এবং ইরানের বিদেশ মন্ত্রী আব্বাস আরাঘচির মধ্যে আলোচনার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে ভারতীয় ট্যাঙ্কার পুষ্পক ও পরিমল নিরাপদে হরমুজ প্রণালী দিয়ে পেরিয়েছে। যদিও মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ ও ইসরায়েলের জাহাজগুলি এখনও বিধিনিষেধের আওতায় রয়েছে।

মঙ্গলবার দুই দেশের বিদেশ মন্ত্রীর মধ্যে আলোচনায় পশ্চিম এশিয়ার পরিস্থিতি এবং হরমুজ প্রণালী দিয়ে জাহাজ চলাচল মূল আলোচ্য বিষয় হিসাবে উঠে আসে। ইজরায়েল-আমেরিকা- ইরান যুদ্ধ শুরু হওয়ার পর এটি দুই বিদেশ মন্ত্রীর মধ্যে তৃতীয় বৈঠক।

এশিয়ার তৃতীয় বৃহত্তম অর্থনীতি ভারত হরমুজ প্রণালীর ওপর ব্যাপকভাবে নির্ভরশীল, কারণ এর মাধ্যমে দেশের অর্ধেকেরও বেশি অপরিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাস আমদানি হয়। জাহাজ চলাচল মহানির্দেশালয়ের তথ্য অনুযায়ী, সংঘাত শুরু হওয়ার পর থেকে ২৮টি ভারতীয় পতাকাবাহী জাহাজ হরমুজ প্রণালীতে বা তার আশেপাশে চলাচল করছে।

*********************

ইরাকের বসরা উপকূলে মার্কিন মালিকানাধীন একটি অপরিশোধিত তেলবাহী ট্যাঙ্কারে হামলায় এক ভারতীয় নাবিকের মৃত্যু হয়েছে। ভারতীয় দূতাবাস জানিয়েছে, সেফসি বিষ্ণু নামের ট্যাঙ্কারটি মার্শাল আইল্যান্ডসের পতাকা বহন করছিল। দূতাবাস জানিয়েছে, বাকি ১৫ জন ভারতীয় নাবিককে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। তারা ইরাকি কর্তৃপক্ষ এবং ভারতীয় নাবিকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখছে, তাদের সব ধরনের সহায়তা দেওয়া হচ্ছে।
এদিকে ভারতীয় দূতাবাস নিহত নাবিকের পরিবারকে গভীর সমবেদনা জানিয়েছে।

*********************

পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির জেরে ঘরোয়া এবং বাণিজ্যিক গ্যাস সরবরাহ নিয়ে পশ্চিমবঙ্গ সরকার আজ নবান্নে বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নেতৃত্বে এই বৈঠকে বিভিন্ন দফতরের আধিকারিক ও পুলিশ প্রশাসনের শীর্ষ নেতৃত্বকে ভার্চুয়ালি উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, গ্যাস নিয়ে কালো বাজারি রুখতে পুলিশ প্রশানকে নজরদারি বাড়ানোর নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।

*********************

আজকের প্রসঙ্গে আজ শুনবেন আলোচনা *রাইসিনা ডায়ালগ*। অধ্যাপক অনীক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।
আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও DTH প্রচার তরঙ্গ এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে কৃষি ও খাদ্য ব্যবস্থায় মহিলাদের ভূমিকা সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করেছেন। তিনি বলেন, কৃষিক্ষেত্রে বিশেষ করে কৃষি–খাদ্য ব্যবস্থায় যুক্ত নারীদের নেতৃত্বকে উৎসাহিত করা অত্যন্ত জরুরি। রাষ্ট্রপতি বলেন, ভারত নারীদের-নেতৃত্বাধীন উন্নয়নের কৌশল গ্রহণ করেছে। কৃষিক্ষেত্রে নারীদের জন্য নীতি প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ এবং নেতৃত্বের ভূমিকায় আসা

উচিত। তিনি আরও উল্লেখ করেন, কৃষিক্ষেত্রে সব স্তরে নারীদের বৃহত্তর অংশগ্রহণ লিঙ্গ-সমন্বিত কৃষি উন্নয়নকে এগিয়ে নেবে।

( BYTE – দ্রৌপদী মুর্মু )

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সম্মেলনে অংশগ্রহণকারীদের প্রতি আস্থা প্রকাশ করে বলেছেন, এই সম্মেলন থেকে অগ্রগতির নতুন পথ খুঁজে পাওয়া যাবে। তিনি উল্লেখ করেন, বিশ্বজুড়ে মানুষ, পৃথিবী, সমৃদ্ধি, শান্তি ও অংশীদারিত্বকে সমান গুরুত্ব দেওয়ার বিষয়ে ঐকমত্য রয়েছে।

********************

ঐতিহাসিক ডান্ডি অভিযানের স্মৃতিতে স্বাধীনতা সংগ্রামীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

উপরাষ্ট্রপতি রাধাকৃষ্ণন সামাজিক মাধ্যমে লিখেছেন, মহাত্মা গান্ধীর নেতৃত্বে ১৯৩০ সালের এই দিনে শুরু হওয়া ডান্ডি সত্যাগ্রহ ভারতের স্বাধীনতা আন্দোলনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। তিনি বলেন, সত্য ও অহিংসার আদর্শে পরিচালিত এই আন্দোলন দেশজুড়ে আত্মনির্ভরতার চেতনা জাগিয়ে তুলেছিল। আত্মনির্ভর ভারত ও বিকশিত ভারত গড়ার পথে সেই চেতনা এখনও সমগ্র জাতিকে পথ দেখাচ্ছে।

প্রধানমন্ত্রী মোদি এক সংস্কৃত শ্লোক ভাগ করে সত্যের বিজয়ের ওপর জোর দিয়েছেন। তিনি বলেন, মিথ্যাকে ধ্বংস করে সত্য সর্বদা প্রতিষ্ঠিত হয়। সাধুরা যে পথে চরম সত্য উপলব্ধি করেছেন, সেই পথেই চলা উচিত।

লোকসভা স্পিকার ওম বিড়লা বলেন, সাবরমতী আশ্রম থেকে ডান্ডি পর্যন্ত পদযাত্রা শুধু লবণ আইনের বিরুদ্ধে আন্দোলন ছিল না, বরং আত্মশাসন, আত্মসম্মান ও আত্মনির্ভরতার চেতনা জাগিয়ে তোলার এক মহান সত্যাগ্রহ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, মহাত্মা গান্ধী এই দিনে ডান্ডি সত্যাগ্রহ শুরু করেছিলেন, যা স্বাধীনতার আকাঙ্ক্ষাকে আরও তীব্র করার পাশাপাশি স্বদেশি আন্দোলনের পথে এক ঐতিহাসিক পদক্ষেপ ছিল।

********************

রবীন্দ্র নারায়ণ রবি আজ পশ্চিমবঙ্গের ২২ তম রাজ্যপাল হিসাবে শপথ নিয়েছেন। লোক ভবনের সর্দার প্যাটেল ইউনিটি হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করান।

( বাইট- আর এন রবি )

উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা, রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, বিভিন্ন দূতাবাসের প্রতিনিধিরা। এর আগে নতুন রাজ্যপালকে প্রথা মাফিক 'গার্ড অফ অর্নার' দেওয়া হয়। শপথ গ্রহণের পরই মুখ্যমন্ত্রী সহ অন্যান্যদের সঙ্গে সাক্ষাৎ করেন নবনিযুক্ত রাজ্যপাল।

উল্লেখ্য গত ৫ই মার্চ ডক্টর সি ভি আনন্দ বোস পদত্যাগ করার পর নতুন রাজ্যপাল হিসাবে আর এন রবির নাম ঘোষণা করা হয়। এর আগে তিনি নাগাল্যান্ড, মেঘালয় এবং তামিলনাড়ুর রাজ্যপাল হিসাবেও দায়িত্ব পালন করেছেন।

**********************

এফআইএইচ মহিলা হকি বিশ্বকাপ বাছাই পর্বে ভারতীয় দল দুর্দান্ত জয় অর্জন করেছে। গতকাল সন্ধ্যায় তেলেঙ্গানার হায়দরাবাদে অনুষ্ঠিত পুল–বি ম্যাচে ভারত ৪–১ গোলে ওয়েলসকে পরাজিত করেছে।

**********************************************************************